

একবচন

● ঠিকই, ‘এ নাটকে কথা বিস্তর
কিন্তু কথানায়ক একজন’। সুতরাং
সেই নাটকের পাঠাভিনয় যে
একবচনেই হবে, তাতে সন্দেহ কী?
এবং ‘উন্মগুরুষ একবচনঃ একটি
ভাগ’-এর ‘কম্প্যাক্ট ডিস্ক’ সংশ্লিষ্টে
রচনাকার শিবাজী বদ্দোপাধ্যায় স্বয়ং
সেই একবচন্দ্র বক্তৃর ভূমিকায়
আবত্তীর্ণ। তদ্বাকাশে তাঁর বিচরণ মহানগরে সুবিদিত, কিন্তু
শিবাজী গদ্যপদ্মেও সাধলীলা, এবং নবীন সংস্থা ‘মোকাম’-
এর প্রকাশনায় এই ‘সিডি’ নিয়ে এল তাঁর পাঠাভিনয়ে বাক-
বিভূতির স্বাক্ষর। একজনেরই জীবনিতে কথাসরিংসাগর।
কে সেই চরিত্র, তা ‘সিডি’ শব্দ বা প্রস্ত্রাঠার পরেই জানা
ভাল। কথার সঙ্গে আবহ পরিকল্পনার যোগ্য সঙ্গত করেছেন
যাঁরা, ‘মোকাম’ নামের সেই গানের ওয়র্কশপটি এই সিডি-র
প্রকাশক। অথবেই এমন সাহসী প্রয়াস? ‘ব্যতিজ্ঞী বলেই’,
জানালেন মোকামের ত্রয়ী কালিকাপ্রসাদ-মযুখ-মৈনাক।

